



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০



সভার কার্যবিবরণী ২৬ জানুয়ারি ২০২৬


সভাপতি	মোঃ সাবেত আলী মহাপরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	১৯-০১-২০২৬
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক ষাণ্মাসিক প্রকাশনা “HCU Edge” এর বিষয়ে জানতে চাওয়া হলে উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। উক্ত প্রকাশনার সার্বিক কার্যক্রম পর্যালোচনার নিমিত্ত নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্যসূচি	আলোচনা/পর্যালোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
------------	-------------------	-----------	----------------

<p>১. "HCU Edge" প্রকাশনা সংক্রান্ত তথ্য</p>	<p>সভায় জানানো হয় যে, হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক "HCU Edge" নামক একটি বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পূর্বে মাসিক ভিত্তিতে "Gas and Coal Reserve & Production" শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হতো। বর্তমানে প্রতি ছয়মাসে একবার করে "HCU Edge" নামে ষাণ্মাসিক ভিত্তিতে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। "HCU Edge" প্রকাশনার বিষয়ে পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব)-কে আহ্বায়ক করে ৪ সদস্য বিশিষ্ট একটি এডিটোরিয়াল বোর্ড গঠনের বিষয়ে আলোচনা করা হয়। উল্লিখিত প্রকাশনায় হাইড্রোকার্বন ইউনিটের বিগত ছয়মাসের সামগ্রিক কার্যক্রম অর্ন্তভুক্তির বিষয়ে আলোচনা করা হয়। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে জ্বালানি সেক্টরের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণে করণীয় বিষয়ক প্রতিবেদন অর্ন্তভুক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। উক্ত প্রকাশনাটি বিভিন্ন অধ্যায়ে বিভক্ত করা হবে যাতে ডাটা, জ্বালানি সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের মতামত, অফিসের সামগ্রিক কার্যক্রম, চলমান গবেষণা কার্যক্রমের বিস্তারিত বর্ণনা থাকবে। প্রকাশনাটির Preface এ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব এবং হাইড্রোকার্বন ইউনিটের মহাপরিচালকের বিবৃতি রাখার বিষয়ে আলোচনা হয়। উক্ত প্রকাশনায় শুধু গ্যাস ও কয়লা নয়, বরং জ্বালানি সংক্রান্ত সকল তথ্য - যেমন দেশীয় জ্বালানি উৎপাদন ও ব্যবহার, নবায়নযোগ্য জ্বালানির বর্তমান অবস্থা, বিকল্প জ্বালানি ব্যবস্থাপনা, আমদানি-রপ্তানি তথ্য, মজুদ ও চাহিদার চিত্রসহ- বিভিন্ন ধরনের প্রতিবেদন উপস্থাপন করা হবে। এই পরিবর্তনের মাধ্যমে জ্বালানি খাতের সার্বিক চিত্র আরও স্পষ্টভাবে উপস্থাপন করা সম্ভব হবে বলে আশা করা যায়।</p>	<ul style="list-style-type: none"> • ষাণ্মাসিক ভিত্তিতে HCU Edge" প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। • পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব) আহ্বায়ক করে ৪ সদস্য বিশিষ্ট একটি এডিটোরিয়াল বোর্ড গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। • জ্বালানি সংক্রান্ত সকল তথ্য - যেমন দেশীয় জ্বালানি উৎপাদন ও ব্যবহার, নবায়নযোগ্য জ্বালানির বর্তমান অবস্থা, বিকল্প জ্বালানি ব্যবস্থাপনা, আমদানি-রপ্তানি তথ্য, মজুদ ও চাহিদার চিত্রসহ- বিভিন্ন ধরনের প্রতিবেদন উপস্থাপন বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। 	<p>১) পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব) ২) উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)</p>
--	---	---	--

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৯-০১-২০২৬

মোঃ সাবেত আলী

মহাপরিচালক (যুগ্মসচিব)

ফোন : ০২৪১০৩০৬৯৭

ইমেইল : hcu@hcu.org.bd

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০০০.৪৮.০০০২.১৭.২৬


তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব), হাইড্রোকার্বন ইউনিট।
- ৩। উপ-পরিচালক (পরিচালনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট।
- ৪। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট।

- ৫। উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি), হাইড্রোকার্বন ইউনিট।
- ৬। সহকারী পরিচালক (পরিকল্পনা), হাইড্রোকার্বন ইউনিট।
- ৭। সহকারী পরিচালক (অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট।
- ৮। সহকারী পরিচালক (অনুসন্ধান), হাইড্রোকার্বন ইউনিট।
- ৯। সহকারী পরিচালক (রিফর্মস/পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, হাইড্রোকার্বন ইউনিট।
- ১১। অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট,

।



২৯-০১-২০২৬

মোঃ সাবেত আলী
মহাপরিচালক (যুগ্মসচিব)